

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৭৮

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ কান্না করার হাদীসসমূহ

আরবী

عَنْ أَبِيْ هُرَيْرَةَ قَالَ : قَالَ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا نَفَعَنى مَالٌ قَطُّ مَا نَفَعَنى مَالٌ قَطُّ مَا نَفَعَنى مَالٌ قَطُّ مَا نَفَعَنى مَالٌ أَبِي بَكْرٍ فَبَكَى أَبُو بَكْرٍ وَقَالَ: وَهَلْ أَنَا وَمَالِى إِلاَّ لَكَ يَا رَسُولَ اللهِ

বাংলা

(৩৭৮) আবৃ হুরাইরা (রাঃ) কর্তৃক বর্ণিত, একদা আল্লাহর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আবু বাকরের ধন-সম্পদ যেভাবে আমাকে উপকৃত করেছে, অন্য কোন ধন-সম্পদ তা করেনি। এ কথা শুনে আবৃ বকর (রাঃ) কেঁদে ফেললেন এবং বললেন, আমি ও আমার ধন-সম্পদ তো আপনার জন্যই হে আল্লাহর রসূল![১]

এ কথা শুনে উমার (রাঃ) কেঁদে ফেললেন এবং বললেন, 'আমার আব্বা তোমার জন্য কুরবান হোক হে আবু বাকর! যে কোন কল্যাণে আমি তোমার সাথে প্রতিযোগিতায় নেমেছি, তাতেই তুমি প্রথম স্থান দখল করে নিয়েছ![২]

ফুটনোট

- [১] আহমাদ ৭৪৪৬, ইবনে মাজাহ ৯৪।
- [২] উসুদুল গাবাহ প্রমুখ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন